

ঢাকা ওয়াসা

বিষয়ঃ- ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে চলমান “বুনিয়াদি প্রশিক্ষণ” (২৮ ডিসেম্বর ’২৫-২৭ জানুয়ারী ’২৬) কোর্সে ২৮/১২/২০২৫ তারিখে যোগদানকৃত ০৩ জন উপ-সহকারী প্রকৌশলীর মনোনয়ন এবং অংশগ্রহণ বাবদ খরচ ভূতাপেক্ষ অনুমোদন প্রসঙ্গে।

০৫। বিবেচ্য বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাইতেছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে সম্প্রতি নিয়োগপ্রাপ্ত ০২ জন সহকারী প্রকৌশলী এবং ২৫ জন উপ-সহকারী প্রকৌশলীসহ ২৭ জন কর্মকর্তার “বুনিয়াদি প্রশিক্ষণ” কোর্স, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে (নোটানুচ্ছেদ ১-৩ সদয় দৃষ্টব্য) ২৮/১২/২০২৫ তারিখ হতে চলমান আছে। বিগত ২৮/১২/২০২৫ তারিখে অপেক্ষমান তালিকা হতে ঢাকা ওয়াসায় আরও ০৩ জন উপ-সহকারী প্রকৌশলী নিয়োগ প্রদান করা হয় (পত্র ক্রমিক নং-১৬)। নবনিযুক্ত ০৩ জন উপ-সহকারী প্রকৌশলীকে ঢাকা ওয়াসার সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে পরিচিত করানো এবং চাকুরি সংক্রান্ত আইন-কানুন ও বিধি-বিধান সম্পর্কে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে মাসব্যাপী চলমান (২৮ ডিসেম্বর ২০২৫ হতে ২৭ জানুয়ারী ২০২৬) “বুনিয়াদি প্রশিক্ষণ” কোর্সে অন্তর্ভুক্ত করার জন্য উপ সচিব, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা, পত্র মারফত অনুরোধ জানিয়েছেন। তদপ্রেক্ষিতে, নবনিযুক্ত ০৩ জন উপ সহকারী প্রকৌশলী ২৮/১২/২০২৫ তারিখ হতে চলমান “বুনিয়াদি প্রশিক্ষণ” কোর্সে অংশগ্রহণ করিতেছেন।

০৬। ২৮/১২/২০২৫ তারিখে যোগদানকৃত ০৩ জন উপ-সহকারী প্রকৌশলীর ২৩ (তেইশ) কর্মদিবসব্যাপী “বুনিয়াদি প্রশিক্ষণ” কোর্সে অংশগ্রহণ বাবদ সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) প্রশিক্ষণার্থীদের ভাতা	৪১,৪০০/-	(৩ জন ৬০০/- হারে ২৩ দিন)
(খ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	৪০,০২০/-	(৩ জন ৫৮০/- টাকা হারে×২৩ দিন)
(গ) ব্যাগ, নোটবুক ও কলম	৩,৯০০/-	(৩ সেট ১,৩০০/- টাকা হারে)
সর্বমোট	=৮৫,৩২০/-	(কথায়ঃ টাকা পঁচাশি হাজার তিনশত বিশ মাত্র)

০৭। এমতাবস্থায়, ২৩ (তেইশ) কর্মদিবসব্যাপী উক্ত প্রশিক্ষণে নবনিযুক্ত ০৩ জন উপ সহকারী প্রকৌশলীর ২৮/১২/২০২৫ তারিখ হতে অংশগ্রহণের মনোনয়ন, অংশগ্রহণ বাবদ ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৮৫,৩২০/- (পঁচাশি হাজার তিনশত বিশ মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার ভূতাপেক্ষ অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।

০৭/০১/২৬

মোঃ আররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

০৭/০১/২৬
CTO

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

০৭/০১/২৬
DMD (HR & Admin) Sir
মোঃ আমিরুল ইসলাম
(ব্যবস্থাপনা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

০৭/০১/২৬

০৭/০১/২৬

ব্যবস্থাপনা পরিচালক
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

০৭/০১/২৬
উপ-ব্যবস্থাপনা পরিচালক
মানবসম্পদ ও প্রশাসন

০৭/০১/২৬
মোঃ আররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

০৭/০১/২৬
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।